

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা অধিশাখা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ২৫ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার
কার্যবিবরণী

সভাপতি	মল্লিকা খাতুন যুগ্ম সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটি
সভার তারিখ	২৬ সেপ্টেম্বর ২০২৩
সভার সময়	বেলা ১২.৩০ টা
স্থান	মিনি কনফারেন্স রুম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-‘ক’

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব উপসচিব (চিকিৎসা শিক্ষা শাখা-১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ সভায় উপস্থাপন করেন। তিনি ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানান। সভাপতি ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩’ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে বার্ষিক মূল্যায়নে পূর্ণ পয়েন্ট অর্জন করায় বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে ধন্যবাদ জানান।

০২। ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ এর ক্রমিক ১.১ অনুযায়ী সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ হালনাগাদ করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানানো হয়। সভাপতি হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করার পূর্বে কি কি বিষয় সংশোধন/সংযোজন/বিয়োজন করা হয়েছে সে সংক্রান্ত পত্র জারী করে তা প্রমাণক হিসাবে সংযুক্ত করতে হবে বলে সভায় অবহিত করেন।

০৩। ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য স্বাস্থ্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করার জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানানো হয়।

০৪। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র ম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট
০২	সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করার পূর্বে কি কি বিষয় সংশোধন/সংযোজন/বিয়োজন করা হয়েছে সে সংক্রান্ত পত্র জারী করে তা প্রমাণক হিসাবে সংযুক্ত করতে হবে।	সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট
০৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

ক্র ম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট
০৪	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল ধরনের সেবা প্রদান নিশ্চিত করতে হবে এবং অধীনস্থ অফিসসমূহে একইভাবে সেবা প্রদান করা হচ্ছে কী না তা যথাযথভাবে মনিটরিং করতে হবে।	সংশ্লিষ্ট সকল
০৫	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক যথাযথভাবে নির্দিষ্ট সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মল্লিকা খাতুন

যুগ্ম সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
কমিটি

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১৩৮.৯৯.০০৫.২২.৬৭

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩০

২৮ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
- ৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- ৬) যুগ্মসচিব, নার্সিং শিক্ষা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৭) যুগ্মসচিব, ক্রয় ও সংগ্রহ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৮) উপসচিব, জনসংখ্যা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৯) উপসচিব, প্রশাসন-২ শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১০) উপসচিব, চিকিৎসা শিক্ষা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১২) প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

মল্লিকা খাতুন

যুগ্ম সচিব